

বাংলাদেশ ব্যাংকের সহায়তায় ক্রিয়েটিভ আইটিতে ফ্রি প্রশিক্ষণ

বাংলাদেশ ব্যাংকের 'স্কিলস ফর অ্যামপ্লয়মেন্ট ইনভেস্টমেন্ট প্রোগ্রাম' এসইআইপি প্রশিক্ষণ প্রকল্পে তথ্যপ্রযুক্তি প্রতিষ্ঠান হিসেবে যুক্ত হয়েছে ক্রিয়েটিভ আইটি লিমিটেড। গত রোববার আনুষ্ঠানিকভাবে বাংলাদেশ ব্যাংকের গভর্নর ড. আতিউর রহমান ক্রিয়েটিভ আইটির চেয়ারম্যান মো. মনির হোসেনের কাছে এ সংক্রান্ত একটি অনুমোদনপত্র হস্তান্তর করেন। এ সময় অন্যদের মধ্যে বাংলাদেশ ব্যাংকের এসএমই অ্যান্ড স্পেশাল প্রোগ্রামস বিভাগের নির্বাহী পরিচালক নির্মল চন্দ্র ভক্ত, ডেপুটি গভর্নর এস কে সুর চৌধুরী, অর্থ মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব ও প্রকল্পের জাতীয় পরিচালক জালাল আহমেদ, অতিরিক্ত সচিব ও নির্বাহী পরিচালক আবদুর রউফ তালুকদার, ক্রিয়েটিভ আইটির ব্যবস্থাপনা পরিচালক উৎপল কুমার সরকার, উপ-ব্যবস্থাপনা পরিচালক পারভিন আকতার সম্পা প্রমুখ উপস্থিত ছিলেন। ক্যাটাগরিভিত্তিক এ প্রশিক্ষণে অংশগ্রহণের জন্য অষ্টম থেকে স্নাতক পাস হতে হবে। বিশেষ ক্ষেত্রে থাকা-খাওয়াসহ প্রশিক্ষণার্থীদের এককালীন সম্মানীও প্রদান করা হবে।

Print

ফোন : ৮৮৭০১৭৯-৮৫ ৮৮৭০১৯৫

ফ্যাক্স : ৮৮৭০১৯১ ৮৮৭৭০১৯৬

সম্পাদক : গোলাম সারওয়ার

বিজ্ঞাপন : ৮৮৭০১৯০

প্রকাশক : এ কে আজাদ

১৩৬ তেজগাঁও শিল্প এলাকা ঢাকা - ১২০৮